# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ।

Website: ems.nu.ac.bd

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২৩/২০২৫/২০৯৯ তারিখ ঃ ০৭/০৯/২০২৬ খ্রিঃ

## সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপঃ

ফরম পূরণের সময়সূচি ঃ

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১ | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ০৬/০৯/২০২৬ থেকে ২৭/০৯/২০২৬ |
| ০২ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | ২৮/০৯/২০২৬ রাত ১১:৫৯ মি. পর্যন্ত |
| ০৩ | টাকা জমা দেয়ার শেষ তারিখ | ২৯/০৯/২০২৬ থেকে ৩০/০৯/২০২৬ বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ০৪ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন (আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)। |

ফরম পূরণের ফি এর বিবরণ ঃ

| ক্রমিক | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পত্র)-বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- |
| ০২ | ব্যবহারিক (প্রতি পত্র)-বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- |
| ০৩ | ইনকোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/- টাকা, ii) কলেজ ফান্ডে জমা হবে ৩০০/- টাকা | ৪৫০/- |
| ০৪ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে : কলেজের অংশ- ১৫০/- টাকা, কেন্দ্রের অংশ- ৩০০/- টাকা | ৪৫০/- |
| ০৫ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী, পত্র প্রতি) কলেজে জমা হবে | ১৭৫/- |
| ০৬ | অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থীর জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৬০০/- |
| ০৭ | ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এক বা একাধিক পত্রে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা (জরিমানা ৫০০০/-) ও অন্যান্য ফি | ৫০০০/- |
| ০৮ | Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত | ১৫০০/- |

বিঃ দ্রঃ বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। **ফরম পূরণের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

১। **অনলাইনে আবেদন ফরম পূরণ :**

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(http://ems.nu.ac.bd/student-login)**-এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।

গ) **গ্রেড উন্নয়ন:** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৯-২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক পত্রে F গ্রেড রয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল পত্রের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ **ছাড়াও ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন <u>০২ (দুই) পত্রে</u> ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে এবং ফলাফল যাই হোক না কেন A- গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ পত্রে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

**ঘ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এক বা একাধিক পত্রে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা জরিমানা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অন্যান্য ফি প্রদান করে শুধুমাত্র ২০২৫ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরম পুরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।**

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪। **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :**

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে ৫০% তত্ত্বীয় পত্রে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক পত্রে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি পত্রে অনুপস্থিত থেকে অন্যান্য সকল পত্রে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০২৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উক্ত অনুপস্থিত পত্রে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ❖ একের অধিক পত্রে অনুপস্থিত হলে অথবা একটি পত্রে অনুপস্থিত থেকে অন্য একটি পত্রে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not Promoted হবে।
- ❖ Promoted/Not Promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিতপত্র ও F গ্রেড পাওয়া পত্রে/ পত্রসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C+, C ও D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) পত্রে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে **এবং ফলাফল যাই হোক না কেন A- গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।**
- ❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া পত্রে/পত্রসমূহে উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না।
- ❖ ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি শাহপুর মধুগ্রাম কলেজ

ডুমুরিয়া, খুলনা

## সম্মান ৩য় বর্ষের ফরম পূরণ ফিসের বিবরণ:
## ১৫/০৯/২০২৬ হতে ২৭/০৯/২০২৬ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ চলবে

| সম্মান ৩য় ফরম পূরণ-২০২৫ এর ফি- | | | |
|---|---|---|---|
| | | নিয়মিত | অনিয়মিত (১বি) |
| ১. | জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফি | ২৪০০ | ৩০০ |
| ২. | ইনকোর্স পরীক্ষার ফি | ১৫০ | ০ |
| ৩. | জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষার কেন্দ্র ফি | ৪৫০ | ৪৫০ |
| ৪. | অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর কোর্স ফি | ০ | ৬০০ |
| ৫. | ব্যবস্থাপনা ফি | ৫০ | ৫০ |
| ৬. | ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অকৃতকার্য শিক্ষার্থী সর্বমোট ফি | ০ | ০ |
| ৭. | C promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভূক্তি ফি | ০ | ০ |
| | | ৩০৫০ | ১৪০০ |

[signature] ১৫/৯/২৬

মোঃ ফারুক আলম)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি শাহপুর মধুগ্রাম কলেজ

মোঃ ফারুক আলম
উপাধ্যক্ষ(নন-ক্যাডার) প্রশাসনিক
ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ
সরকারি শাহপুর মধুগ্রাম কলেজ
শাহপুর, ডুমুরিয়া, খুলনা
মোবাঃ ০১৭১২-৫৩৪৭৬৫